


নং-৪৬.১০.০০০০.০০৩.০৯৯.০১১.২০১৭-৭৮৯

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৫
২২ সেপ্টেম্বর ২০১৮

শোক বিজ্ঞপ্তি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় প্যানেল মেয়র-১ জনাব মোঃ ওসমান গণি ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখ শনিবার বাংলাদেশ সময় ৮.৩০ ঘটিকায় সিঙ্গাপুরের জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনায় এবং তাঁর প্রতি সম্মান প্রদর্শনার্থে প্রচলিত প্রথা অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন পরিবার ২২-২৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) দিন শোক পালন করবে।

২. এ ছাড়াও মরহুমের জানাযায় অংশগ্রহণের সুবিধার্থে আগামী ২৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ রবিবার ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন সকল কার্যালয়ে অর্ধ দিবস ছুটি ঘোষণা করা হলো।
৩. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সেবা সংশ্লিষ্ট দপ্তরসমূহ এ ছুটি ঘোষণার আওতা বহির্ভূত থাকবে।
৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


(মোঃ মেসবাহুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ফোনঃ ৯৮৯৪৩৯২
ফ্যাক্সঃ ৮৮৩৪৮৯৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং...../সংরক্ষিত আসন নং-.....ডিএনসিসি।
- ২। বিভাগীয় প্রধান (সকল).....ডিএনসিসি।
- ৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল.....ডিএনসিসি।
- ৪। সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ডিএনসিসি।
- ৬। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। মাননীয় প্যানেল মেয়র এর সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, ডিএনসিসি।
- ৮। ওয়্যারলেস অপারেটর, ডিএনসিসি-সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। নোটিশ বোর্ড।